



বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টেলিবি ভবন (৪র্থ ফলা) ১, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ওয়েবসাইট: www.berc.org.bd

নং-২৮.০১.০০০০.০১২.০৪.০০৩.২০.১০৬৮

তারিখ: ১০ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ
২৪ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

বর্তমানে নোভেল করোনা ভাইরাসের (COVID-19) সংক্রমণ এড়াতে অধিকাংশ বিদ্যুৎ গ্রাহক জরুরি প্রয়োজন ছাড়া বাসা-বাড়ি থেকে বের হচ্ছেন না। এর পরিপ্রেক্ষিতে ফেব্রুয়ারি, মার্চ ও এপ্রিল ২০২০ মাসে অনেক গ্রাহকই নির্ধারিত সময়ের মধ্যে বিদ্যুৎ বিল পরিশোধ করতে পারবেন না মর্মে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগ এবং বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীসমূহ হতে জানানো হয়েছে। এ অবস্থার পরিপ্রেক্ষিতে শুধুমাত্র আবাসিক গ্রাহকগণের ক্ষেত্রে ফেব্রুয়ারি, মার্চ ও এপ্রিল ২০২০ মাসের বিদ্যুৎ বিল সারচার্জ বা বিলম্ব মাসুল ব্যতিরেকে পরিশোধের নিমিত্ত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিদ্যুৎ বিভাগ এবং বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীসমূহ কর্তৃক কমিশন বরাবর যথাক্রমে অনুরোধ এবং আবেদন জানানো হয়েছে।

২। বর্ণিত অবস্থার পরিপ্রেক্ষিতে খুচরা বিদ্যুৎ মূল্যহার সংক্রান্ত কমিশনের ২৭ ফেব্রুয়ারি ২০২০ তারিখের আদেশসমূহ মোতাবেক কমিশনের স্মারক নং-২৮.০১.০০০০.০১২.০৪.০০৩.২০.৬৫৩; তারিখ: ২৭ ফেব্রুয়ারি ২০২০ এর মাধ্যমে জারিকৃত খুচরা বিদ্যুৎ মূল্যহার, ২০২০ এর শর্তাবলী, প্রযোজ্যতা এবং বিবিধ চার্জ/ফি সংক্রান্ত প্রজ্ঞাপনের অনুলেখ ১(ক) এ উল্লিখিত বিলম্ব-পরিশোধ মাসুল (Late Payment Surcharge) শুধুমাত্র আবাসিক গ্রাহকশ্রেণির (এলটি-এ এবং এমটি-১) ক্ষেত্রে বিল মাস ফেব্রুয়ারি, মার্চ এবং এপ্রিল ২০২০ এর বিদ্যুৎ বিলসমূহ পরিশোধে প্রযোজ্য (বিলম্ব-পরিশোধ মাসুল) হবে না।

৩। খুচরা বিদ্যুৎ মূল্যহার, ২০২০ এর শর্তাবলী, প্রযোজ্যতা এবং বিবিধ চার্জ/ফি সংক্রান্ত উল্লিখিত প্রজ্ঞাপনের অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

৪। কমিশনের এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

কমিশনের আদেশক্রমে,

২৪.৩.২০২০
মো: রফিকুল ইসলাম
সচিব
ফোন: ৯১৪ ০১২৫